

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২: তওবার বিবরণ

(2) _ باب التوبة

আরবী

وعنْ أبي سعِيدِ سَعْد بْنِ مالك بْنِ سِنانِ الْخُدْرِيِّ رضي االله عنه أَن نَبِيَّ االله صلَّى اللهُ عَلَيْهِ وسَلَّم قَال : »آان فِيمنْ آانَ قَبْلكُمْ رَجُلٌ قتل تِسْعةً وتِسْعين نفْساً ، فسأَّل عن أَعلَم أَهْل الأَرْضِ فدُلَّ على راهِبِ ، فَأَتَاهُ فقال: إِنَّهُ قَتَل تِسعةً وتسعِينَ نَفْساً ، فَهلْ لَهُ مِنْ تَوْبَةٍ ؟ فقال : لا فقتلَهُ فكمَّلَ بِهِ مِائةً ثمَّ سألَ عن أعلم أهلِالأرض ، فدُلَّ على رجل عالم فقال: إنه قَتل مائةَ نفسِ فهلْ لَهُ مِنْ تَوْبةٍ ؟ فقالَ: نَعَمْ ومنْ يحُولُ بيْنَهُ وبيْنَالتوْبة ؟ انْطَلِقْ إِلَى أَرْضِ آذا وآذا ، فإِنَّ بها أُنَاساً يعْبُدُونَ االله تعالى فاعْبُد االله مَعْهُمْ ، ولا تَرْجِعْ إلى أَرْضِكَفإنَّهَا أَرْضُ سُوءٍ ، فانطَلَق حتَّى إذا نَصنَف الطَّريقُ أَتَاهُ الْموْتُ فاختَصمتْ فيهِ مَلائكَةُ الرَّحْمَةِ وملاآةُ الْعَذابِ. فقالتْ ملائكةُ الرَّحْمَة : جاءَ تائِباً مُقْبلا بِقلْبِهِ إلى اللَّهِ تعالى ، وقالَتْ ملائكَةُ الْعذابِ : إنَّهُ لَمْ يَعْمَلْ خَيْراً قطُّ، فأَتَاهُمْ مَلكٌ في صُورَةِ آدمى فجعلوهُ بيْنهُمْ أي حكماً فقال قيسوا ما بَيْن الأَرْضَين فإِلَى أيَّتهما آان أَدْنى فهْولَه، فقاسُوا فوَجَدُوه أَدْني إِلَى الأَرْض التي أَرَادَ فَقبَضْتهُ مَلائكَةُ الرَّحمةِ « متفقٌ عليه.وفي روايةٍ في الصحيح: » فكَان إِلَى الْقرْيَةِ الصَّالحَةِ أَقْربَ بشِبْرِ ، فجُعِل مِنْ أَهْلِها « وفي رواية فيالصحيح : » فأَوْحَى اللَّهُ تعالَى إلَى هَذهِ أَن تَبَاعَدى، وإلى هَذهِ أَن تَقرَّبِي وقَال : قِيسُوا مَا بِيْنهمَا ، فَوَجدُوهإِلَى هَذِهِ أَقَرَبَ بِشِبْرِ فَغُفَرَ لَهُ « . وفي روايةٍ : » فنأى بصدره نَحْوهَا « .

বাংলা

৮/২১। আবূ সাঈদ সা'দ ইবনু মালেক ইবনু সিনান খুদরী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমাদের পূর্বে (বনী ইস্রাইলের যুগে) একটি লোক ছিল; যে ৯৯টি মানুষকে হত্যা করেছিল। অতঃপর লোকদেরকে বিশ্বের সবচেয়ে বড় আলেম সম্পর্কে জিজ্ঞাসা করল। তাকে একটি খ্রিষ্টান সন্নাসীর কথা বলা হল। সে তার কাছে এসে বলল, 'সে ৯৯ জন মানুষকে হত্যা করেছে। এখন কি তার তওবার কোন সুযোগ আছে?' সে বলল, 'না।' সুতরাং সে (ক্রোধান্বিত হয়ে) তাকেও হত্যা করে একশত পূরণ করে দিল। পুনরায় সে পৃথিবীর সবচেয়ে বড় আলেম সম্পর্কে জিজ্ঞাসা করল। এবারও তাকে এক আলেমের খোঁজ দেওয়া হল। সে তার নিকট এসে বলল যে, সে একশত মানুষ খুন করেছে। সুতরাং তার কি তওবার কোন সুযোগ আছে? সে বলল, 'হ্যাঁ আছে! তার ও তওবার মধ্যে কে বাধা সৃষ্টি করবে? তুমি অমুক দেশে চলে যাও। সেখানে কিছু এমন লোক আছে যারা আল্লাহ তা'আলার ইবাদত করে। তুমিও তাদের সাথে আল্লাহর ইবাদত কর। আর তোমার নিজ দেশে ফিরে যেও না। কেননা, ও দেশ পাপের দেশ।'

সুতরাং সে ব্যক্তি ঐ দেশ অভিমুখে যেতে আরম্ভ করল। যখন সে মধ্য রাস্তায় পৌঁছল, তখন তার মৃত্যু এসে গেল। (তার দেহ-পিঞ্জর থেকে আত্মা বের করার জন্য) রহমত ও আযাবের উভয় প্রকার ফিরিপ্তা উপস্থিত হলেন। ফিরিপ্তাদের মধ্যে তর্ক-বিতর্ক আরম্ভ হল। রহমতের ফিরিপ্তাগণ বললেন, 'এই ব্যক্তি তওবা করে এসেছিল এবং পূর্ণ আন্তরিকতার সাথে আল্লাহর দিকে তার আগমন ঘটেছে।' আর আযাবের ফিরিপ্তারা বললেন, 'এ এখনো ভাল কাজ করেনি (এই জন্য সে শান্তির উপযুক্ত)।' এমতাবস্থায় একজন ফিরিপ্তা মানুষের রূপ ধারণ করে উপস্থিত হলেন। ফিরিপ্তাগণ তাঁকে সালিস মানলেন। তিনি ফায়সালা দিলেন যে, 'তোমরা দু' দেশের দূরত্ব মেপে দেখ। (অর্থাৎ এ যে এলাকা থেকে এসেছে সেখান থেকে এই স্থানের দূরত্ব এবং যে দেশে যাচ্ছিল তার দূরত্ব) এই দুয়ের মধ্যে সে যার দিকে বেশী নিকটবর্তী হবে, সে তারই অন্তর্ভুক্ত হবে।' অতএব তাঁরা দূরত্ব মাপলেন এবং যে দেশে সে যাওয়ার ইচ্ছা করেছিল, সেই (ভালো) দেশকে বেশী নিকটবর্তী পেলেন। সুতরাং রহমতের ফিরিশতাগণ তার জান কব্য করলেন।" (বুখারী ও মুসলিম)

সহীহতে আর একটি বর্ণনায় এরূপ আছে যে, "পরিমাপে ঐ ব্যক্তিকে সংশীল লোকদের দেশের দিকে এক বিঘত বেশী নিকটবর্তী পাওয়া গেল। সুতরাং তাকে ঐ সংশীল ব্যক্তিদের দেশবাসী বলে গণ্য করা হল।"

সহীহতে আরো একটি বর্ণনায় এইরূপ এসেছে যে, ''আল্লাহ তা'আলা ঐ দেশকে (যেখান থেকে সে আসছিল তাকে) আদেশ করলেন যে, তুমি দূরে সরে যাও এবং এই সংশীলদের দেশকে আদেশ করলেন যে, তুমি নিকটবর্তী হয়ে যাও। অতঃপর বললেন, 'তোমরা এ দু'য়ের দূরত্ব মাপ।' সুতরাং তাকে সংশীলদের দেশের দিকে এক বিঘত বেশী নিকটবর্তী পেলেন। যার ফলে তাকে ক্ষমা করে দেওয়া হল।''

আরো একটি বর্ণনায় আছে, ''সে ব্যক্তি নিজের বুকের উপর ভর করে ভালো দেশের দিকে একটু সরে গিয়েছিল।''[1]

English

(2) Chapter: Repentance

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported:



Prophet of Allah (ﷺ) said: "There was a man from among a nation before you who killed ninety-nine people and then made an inquiry about the most learned person on the earth. He was directed to a monk. He came to him and told him that he had killed ninety-nine people and asked him if there was any chance for his repentance to be accepted. He replied in the negative and the man killed him also completing one hundred. He then asked about the most learned man in the earth. He was directed to a scholar. He told him that he had killed one hundred people and asked him if there was any chance for his repentance to be accepted. He replied in the affirmative and asked, 'Who stands between you and repentance? Go to such and such land; there (you will find) people devoted to prayer and worship of Allah, join them in worship, and do not come back to your land because it is an evil place.' So he went away and hardly had he covered half the distance when death overtook him; and there was a dispute between the angels of mercy and the angels of torment. The angels of mercy pleaded, 'This man has come with a repenting heart to Allah,' and the angels of punishment argued, 'He never did a virtuous deed in his life.' Then there appeared another angel in the form of a human being and the contending angels agreed to make him arbiter between them. He said, 'Measure the distance between the two lands. He will be considered belonging to the land to which he is nearer.' They measured and found him closer to the land (land of piety) where he intended to go, and so the angels of mercy collected his soul".

[Al-Bukhari and Muslim].

In another version: "He was found to be nearer to the locality of the pious by a cubit and was thus included among them". Another version says: "Allah commanded (the land which he wanted to leave) to move away and commanded the other land (his destination) to draw nearer and then He said: "Now measure the distance between them.' It was found that he was nearer to his goal by a hand's span and was thus forgiven". It is also narrated that he drew closer by a slight movement on his chest.

Commentary:

- 1. One comes to know from this Hadith that the gate of Taubah is open even for the worst of the sinners; and Allah forgives everyone provided he repents sincerely, the conditions for such repentance have already been discussed.
- 2. It is the duty of a religious scholar that while discussing a problem, he should keep in mind the psychological aspects of the questioner and adopt a policy which neither causes a change



in the Injunction of Allah nor make the sinner reckless in his sins out of frustration.

3. When a situation warrants, angels appear in the form of men on Orders of Allah

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৪৭০, মুসলিম ২৭৬৬, ইবনু মাজাহ ২৬২৬, আহমাদ ১০৭৭০, ১১২৯০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন